

এবার গেমারদের জন্য একটি বড় খুশির সংবাদ হলো দীর্ঘদিন পর এনভিডিয়া তাদের নতুন জিপিইউ লাইনআপ রিলিজ করেছে। নতুন এই সিরিজের নাম দেয়া হয়েছে আরটিএক্স২০০০ সিরিজ। কী ভাবছেন- হুট করে জিটিএক্সের পরিবর্তে আরটিএক্স কেন? এবারের জিপিইউর মূল আকর্ষণই হলো এই আরটিএক্স তথা রিয়েল টাইম রেট্রোসিং। এখন এই রিয়েল টাইম রেট্রোসিং কী? এটি দিয়ে লাভটাই বা কী? আর এখনই আপনার জিপিইউ পরিবর্তন করা উচিত কি না, এসব নিয়েই এ লেখার অবতারণা।

আরটিএক্স টেকনোলজি কী

সাধারণত আমরা যে গেমগুলো খেলি, এতে ছবির মধ্যকার ছায়াগুলো ঐকে বসানো হয়। এ কাজ একদিকে যেমন সময়সাপেক্ষ, তেমনি এগুলো রেভারিং করতে অনেক বেশি সময়ও লাগে। কিন্তু আরটিএক্স সিরিজের জিপিইউ এর এলডিআর হার্ডওয়্যারের কারণে আলোর পথ ও গতিবিধি, তা কীভাবে প্রতিফলন হবে, কোন ধরনের ছায়া তৈরি হবে এর সবই হিসেব করে নিজে থেকেই তৈরি হয়, এর ফলে আমরা একেবারে বাস্তবের মতো গ্রাফিক্স ডিটেইল পেতে পারি। সুতরাং বলা যায়, গ্রাফিক্সের জগতে এটি এক নতুন অধ্যায়ের সূচনা নিয়ে এসেছে।

এনভিডিয়া ট্যুরিং

এনভিডিয়া তাদের নতুন আর্কিটেকচারের নামকরণ করেছে এনভিডিয়া ট্যুরিং নামে। এটি আগের মতো ১৪ ন্যানোমিটার টেকনোলজি ব্যবহার করলেও এর প্রসেসরটিকে আরো দক্ষ করে গড়ে তোলা হয়েছে। এতে ব্যবহার করা হয়েছে টেনসর কোর, যা আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্সকে অনেক সহজ করে তুলেছে। আরো আছে আরটিএক্স সাপোর্ট ও এনভিডিয়ায় কিউডা১০ (CUDA 10)। এর ফলে গেমিং কিংবা সফটওয়্যার ডেভেলপমেন্ট এই দুই ক্ষেত্রেই আগের থেকে অনেকটা উন্নতি হয়েছে।

গুরুত্বপূর্ণ ফিচার

কোনো ঘাঁটাঘাঁটি করা ছাড়াই বেশি পারফরম্যান্সের জন্য এনভিডিয়া জিপিইউ বুস্ট টেকনোলজি অনেকটাই সফল ও জনপ্রিয় আর এবার তারা আরটিএক্স লাইনআপের জন্য জিপিইউ বুস্ট ৪.০ (GPU Boost 4.0) নিয়ে এসেছে, যা আপনি গিগাবাইটের জিপিইউগুলোতেও পাচ্ছেন। ভার্সিয়াল রিয়েলিটির ক্ষেত্রে সাউন্ডের উন্নতির জন্য

আরটিএক্স সিরিজের বিশেষ ব্যবস্থা রয়েছে। এতে আপনি কোন অংশ থেকে শব্দ তৈরি হচ্ছে, সেটি ভালোভাবে বুঝতে পারবেন। নতুন এই জিপিইউ সিরিজে আরো ব্যবহার করা হয়েছে নতুন জিডিডিআর৬ মেমরি (GDDR6 Memory)। অর্থাৎ জিডিডিআর৫-এর বড় ভাই অবশেষে এসে গেছে। এর ফলে এখন



গিগাবাইট

আরটিএক্স

লাইনআপ ফিচার

বিকল্প স্পিনিং ফ্যান

সহ গিগাবাইট ৩এক্স কুলিং সিস্টেম জিপিইউকে নিরাপদ তাপমাত্রায় রেখে ভালো পারফরম্যান্স পেতে সাহায্য করবে। আর জিবি ফিউশন এর মাধ্যমে আপনি জিপিইউতে ইচ্ছেমতো কালারের লাইটিং



এনভিডিয়া আরটিএক্স সিরিজের নতুন জিপিইউ এনেছে গিগাবাইট

ওবায়দুল্লাহ তুষার

অনেক বেশি মেমরি ব্যান্ডউইডথ পাওয়া যাচ্ছে, যা হাই পারফরম্যান্স পেতে অনেকটাই সাহায্য করবে। এবার এসএলআরের নাম পাল্টে হয়েছে এনভি লিঙ্ক (NV LINK)। এই এনভি লিঙ্ক ব্রিজ দিয়ে আপনি একসাথে দুটো জিপিইউ চালাতে পারবেন।

গিগাবাইট জিপিইউ লাইনআপ

এবার আরটিএক্স লাইনআপের লঞ্চিংয়ের জন্য গিগাবাইট প্রথমে ৫টি মডেল রিলিজ করেছে। এগুলো শিগগিরই আমাদের দেশের বাজারেও আসছে। আরটিএক্স ২০৮০ টিআই গেমিং ওসি ১১জি (RTX 2080 Ti GAMING OC 11G)।



আরটিএক্স ২০৮০ টিআই উইন্ডফোর্স ওসি ১১জি (RTX 2080 Ti WINDFORCE OC 11G)। আরটিএক্স ২০৮০ গেমিং ওসি ৮জি (RTX 2080 GAMING OC 8G)। আরটিএক্স ২০৮০ উইন্ডফোর্স ওসি ৮জি (RTX 2080 WINDFORCE OC 8G)।

আরটিএক্স ২০৭০ গেমিং ওসি ৮জি (RTX 2070 GAMING OC 8G)।

এছাড়া পরবর্তী সময়ে গেমারদের চাহিদা মেটাতে তারা আরো কিছু ভার্শন নিয়ে আসবে।

করতে পারবেন। আরও আছে প্রটেকশন মেটাল ব্যাকপ্লট, যা জিপিইউকে প্রিমিয়াম বিল্ড কোয়ালিটি দেয়। এছাড়া বরাবরের মতো গিগাবাইট সার্টিফাইড আল্ট্রাডিউরেবল মেটেরিয়াল ব্যবহার করে জিপিইউ দীর্ঘ সময় টিকে থাকার নিশ্চয়তা দিচ্ছে। আরেকটি গুরুত্বপূর্ণ ফিচার হলো ওয়ানক্লিক ওভারক্লকিংয়ের ফলে আপনাকে ওভারক্লকিং নিয়ে খুব বেশি চিন্তা করতে হবে না। স্পেস দেখে এই নতুন আরটিএক্স সিরিজ অনেকটা প্রমিসিং, আর তাই এর দামটাও কিছুটা বেশি। এর পেছনে জিডিডিআর৬ মেমরি যেমন দায়ী, তেমনি এর পারফরম্যান্সও কিন্তু অনেকটাই বেশি হবে। আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হলো এবার কিন্তু আগের মতো টিডিপি কমানো হয়নি। সুতরাং প্রশ্ন হলো- এখন গেমারদের কোন জিপিইউ কেনা উচিত? আমাদের মতে, বর্তমানে এসব নতুন জিপিইউর জন্য অপেক্ষা করাই ভালো। তবে দাম যেহেতু বেশি, তাই অনেকের পক্ষেই জিপিইউগুলো কেনা কিছুটা কঠিন হবে। যাদের এই দামের জিপিইউ কেনার সামর্থ্য আছে, তাদের জন্য কিনে ফেলাই উচিত। আর এই জিপিইউগুলো আগের চেয়ে বেশি ক্ষমতাসম্পন্ন হওয়ায় ২কে-৪কে রেজুলেশনের জন্য খুবই ভালো হবে বলে আশা করা যাচ্ছে। আর যদি হাইএন্ড এই জিপিইউগুলো আপনার নাগালের বাইরে চলে যায়, তবে হতাশ হওয়ার কিছু নেই। কেননা, সামনেই এনভিডিয়া ২০৬০ ও ২০৫০ নিয়ে আসছে বাজেট গেমারদের জন্য